দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... ২০ ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৪ ...

# শিক্ষক কর্মচারীদের প্রাপ্য এমপিও না দিয়েই বিদায় নিচ্ছে জোট সরকার

**স্টাফ রিপোর্টার॥** জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট নেতৃবৃন্দ এক বিবৃতিতে বলেছেন, বিদায়কালেও জোট সরকার শিক্ষক কর্মচারীদের প্রতি নিষ্ঠুরতার শেষ স্বাক্ষর রেখে গেল। প্রতিশ্রুতি দিয়েও কয়েক বছর ধরে বিনা বেতনে কর্মরত কয়েক হাজার শিক্ষক-কর্মচারীর প্রাপ্য এমপিও না দিয়েই তারা বিদায় নিচ্ছে। শিক্ষা মন্ত্রণালয় থেকে সরকারী তথ্য বিবরণী দিয়ে ২২ অক্টোবরের মধ্যে বেসরকারী স্কুল, কলেজ, মাদ্রাসা, ভোকেশনাল ও এইচএসসি ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষক কর্মচারীদের উৎসব ভাতা নিজ নিজ ব্যাংক এ্যাকাউন্ট থেকে উত্তোলনের কথা বলা হলেও বৃহস্পতিবার পর্যন্ত কোন ব্যাংকে টাকা পৌঁছয়নি। এর ফলে এবারও শিক্ষক-কর্মচারীদের পরিবারকে কষ্টের মধ্যে ঈদ পালন করতে হবে।

বিবৃতিদাতাদের মধ্যে রয়েছেন, অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ মোঃ শাহাজাহান, অধ্যক্ষ এম এ রশিদ, অধ্যক্ষ এমএ সাত্তার,